গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর

স্মারক নং: ০৫.৪৩.৬৯০০.০০০.১৬.০১৬.২৬.

তারিখঃ ১৭ পৌষ , ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

**২০ (বিশ) একরের নিম্নে বদ্ধ জলমহাল/খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিঃ**

ভূমি মন্ত্রনালয়ের সায়রাত -১ অধিশাখা এর ২৩-১১-২০২৫ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকে জলমহাল ব্যবস্থপনা নীতি, ২০০৯ অনুযায়ী ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুর ইজারার জন্য অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিলের বিধান প্রবর্তন হওয়ায় অত্র বাগাতিপাড়া উপজেলা প্রশাসনের আওতাধীন নিম্নবর্ণিত ১(এক) টি বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুর বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারা আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে বাগাতিপাড়া উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুরের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার (Calender Year) মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী ও শর্তসাপেক্ষে কার্যক্রম গ্রহন করা হবে।

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দের এর মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি , ২০২৬ খ্রিঃ) | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এবং সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর এর কার্যালয় হতে ৫০০/-(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) সিডিউল/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। সিডিউল/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলিসহ সর্বশেষ সরকারী পরিপত্র/নীতিমালা অনুসরণযোগ্য। |
| ২. | ১৯ মাঘ , ১৪৩২ বঙ্গাব্দ ( ২ ফেব্রুয়ারি ,২০২৬ খ্রিঃ) | নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপিসহ আবেদন সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগাতিপাড়া,নাটোর এ দাখিল করতে হবে। |

বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ২০(বিশ) একরের নিম্নে বদ্ধ সরকারি জলমহাল/খাস পুকুর ইজারার জন্য তালিকা নিম্নরুপঃ

| ক্রম | জলমহালের নাম | মৌজা | দাগ | পরিমাণ (একর) | ৫% বৃদ্ধিতে সম্ভাব্য মূল্য (প্রতি বছরের জন্য) | ৫% বৃদ্ধিতে সম্ভব্য মূল্য (তিন বছরের জন্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | নুরপুর পুকুর | নুরপুর | ১৫৩৪ | ০.৩৮ | ২,২০০/- | ৬,৬০০/- | - |

মোহাম্মদ আলাউদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক/সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগাতিপাড়া,নাটোর

CamScanner

শর্তাবলীঃ

০১। যে সকল সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত তাঁরা নির্দিষ্ট বা নিকটবর্তী/তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য অনলাইনে http://jm.lams.gov.bd আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমবায় সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নন এমন কোন সদস্য থাকেন বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি আবেদন করার যোগ্য হবেন না।

০২। প্রকৃত মৎস্যজীবী সমিতি যারা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই তারাও আবেদনে অংশ গ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

০৩। **জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার** পাবেন। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না যায় সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সমবায় সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয় বিবেচনা করা যাবে।

০৪। **অনলাইনে http://jm.lams.gov.bd মাধ্যমে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপির সহিত আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (যে কোন তফসিল ব্যাংক হতে) করতে হবে। উক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর-এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।**

০৫। আবেদনকারী সমবায় সমিতি অনলাইনের মাধ্যমে দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ২৯-০১-২০২৬ খ্রি. তারিখে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মুলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এ দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৬। **বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ০৩(তিন) বছরের ইজারা মূল্যের উপর ২০% টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর-এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির জামানতের অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।**

০৭। লীজগ্রহীতার কোন মৎস্যজীবী সমবায় সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল করা হবে, জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সমবায় সমিতি পরবর্তী ১২(বারো) বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

০৮। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না ।

০৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না। পূর্বের বকেয়া থাকলে আবেদন বিবেচনা যোগ্য হবে না। কোন জলমহালের বিষয়ে বিজ্ঞ আদালতের মামলায় স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে সেক্ষেত্রে কার্যক্রম স্থগিতাদেশ/স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর পরিচালিত হবে। পূর্বের লীজ গ্রহণ করা থাকলে জরুরী ভিত্তিতে আপত্তি দিতে হবে।

১০। **(ক) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/জেলা প্রশাসক/বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতিকে ০৩(তিন) বছরের সমুদয় রাজস্ব অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫(পনের) কর্মদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতার লীজ চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করবেন এবং জামানতের অর্থ সরকারের বাজেয়াপ্ত হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।**

১১। **জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ থেকে শুরু হবে ৩০ চৈত্র, ১৪৩৫ বঙ্গাব্দ তারিখে শেষ হবে।**

১২। **ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারের ১৫% ভ্যাট ও ১০% আয়কর লিজমানির সাথে প্রদান করতে হবে।**

১৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলি এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় এ অফিস হতে জানা যাবে। পূর্বের লীজ গ্রহণ করা থাকলে জরুরী ভিত্তিতে উপযুক্ত প্রমাণসহ আপত্তি দিতে হবে বিজ্ঞপ্তি প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে।

১৫। কোন ভুয়া/মিথ্যা তথ্য দাখিল করলে আবেদন বাতিল হবে।

১৬। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি যে কোন আবেদনপত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বাগাতিপাড়া,নাটোর

স্মারক নং: ৩১.৪৩.৬৯০৯.০০০.১৬.০১৬.২৬.

তারিখঃ ১৭ পৌষ , ১৪৩২ বঙ্গাব্দ
০১ জানুয়ারি,২০২৬ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:**

১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রশাসক, নাটোর।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),নাটোর।
৫. প্রশাসক, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
৬. প্রশাসক, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর।

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলোঃ**

৭. সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর।
৮. উপজেলা ....................................................................অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৯. চেয়ারম্যান, পাঁকা, জামনগর, বাগাতিপাড়া, ফাগুয়ারদিয়াড় ও দয়ারামপুর ইউনিয়ন পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, পাঁকা, জামনগর, বাগাতিপাড়া পৌর ও ফাগুয়ারদিয়াড় ইউনিয়ন/পৌর ভূমি অফিস, বাগাতিপাড়া, নাটোর।
১১. সভাপতি/সম্পাদক .................................................................... মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ, বাগাতিপাড়া, নাটোর।
১২. জনাব .................................................................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগাতিপাড়া, নাটোর।
১৩. সম্পাদক ..........দৈনিক জনকন্ঠ.......................... পত্রিকা (ব্যাপক প্রচারের জন্য)।
১৪. নোটিশ বোর্ড/অফিস কপি।

০১/০১/২৬
ইশরাত জাহান পিয়া
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
বাগাতিপাড়া,নাটোর

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।

| পত্র গ্রহণ নং ৭৬৬ | তারিখ ঃ [illegible] |
|---|---|
| ☐ প্রশাসনিক কর্মকর্তা<br>☐ উপ-প্রশাসনিক কর্মকর্তা (১)<br>☐ উপ-প্রশাসনিক কর্মকর্তা (২)<br>☐ সহকারী প্রশাসনিক কর্মকর্তা<br>☐ অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাঃ<br>☐ হিসাব সহকারী<br>☐ সার্টিফিকেট সহকারী | জরুরী পেশ করুন<br>পেশ করুন<br>নথিতে সংরক্ষণ করুন<br>নথিজাত করুন<br>নোটিশ বোর্ডে দিন |
| উপজেলা নির্বাহী অফিসার | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
সায়রাত-১ অধিশাখা
www.minland.gov.bd

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২৫খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারণ আবেদনে সরকারি জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩(তিন) বছর মেয়াদে ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার (Calendar Year) মধ্যে নিষ্পন্ন করা এবং সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**(ক) জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একরেরের উর্ধ্বে (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:**

| ক্র নং | তারিখ | কার্য দিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | . | জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ২. | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল। |
| ৪. | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুন মধ্যে (১২ ফেব্রুয়ারির থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারির থেকে ১১ মার্চ) | ১৫(পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিভাগীয় কমিশনার কর্তৃক অনুমোদন। |
| ৭. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রে মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | জেলা প্রশাসক কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭(সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | . | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**(খ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল:**

| ক্র নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারির মধ্যে) | . | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ২. | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে। | ১৫দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ৩. | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩(তিন)কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৪. | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৫. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুন মধ্যে (১২ ফেব্রুয়ারির থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫(পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৬. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে (১৯ ফেব্রুয়ারির থেকে ১১ মার্চ) | ১৫(পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রে মধ্যে (১২ মার্চ থেকে ১৬ মার্চের মধ্যে) | ০৩(তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৮. | ০৩চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭(সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৯. | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | . | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

০২। এমতাবস্থায়, উপরে বর্ণিত সিডিউল অনুযায়ী জেলা ও উপজেলা থেকে সাধারন আবেদনে সরকারি জলমহালের ইজারা কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩/১১/২৫

এ এস এম সালেহ আহমেদ
সিনিয়র সচিব
ফোন +৮৮-০২-৫৫১০১১৩১
e-mail:secretary@minland.gov.bd

CamScanner